


I'm not robot!



মেয়েটির নাম মুক্তি। অসামান্য সুন্দরী। গ্রুপ থিয়েটারে রক্তকরবী নাটকে নন্দিনী চরিত্রে অভিনয় করছে সে। কিন্তু সে দেখতে পায়, তাকে ঘিরে বাস্তবে তা-ই ঘটছে, নন্দিনীকে ঘিরে যা ঘটেছিল রক্তকরবী নাটকে। অন্য দিকে বাংলার অধ্যাপক রেজা স্যার ব্যাখ্যা দিচ্ছেন, রবীন্দ্রনাথ রক্তকরবী লিখেছিলেন আসলে তরুণী রাগুকে পাশে রেখে, রাজা হচ্ছেন কবি নিজে, রাগু নন্দিনী আর...এ এক আশ্চর্য উপন্যাস, বাস্তবতা যেখানে পরিণত হচ্ছে কাহিনীতে, আবার কাহিনী ফিরে আসছে বাস্তবতার রূপে! মানুষ জীবনকে যে পথে চালিত করতে চায়, সব সময় কি তা-ই করতে পারে! নিয়তি নামের আরেক নাট্যকারও কি চালিত করে না পৃথিবীমণ্ডলের কুশীলবদের! কী হলো বায়েজিদ আর মুক্তির প্রেমের পরিণতি? কী হলো তৌফিক নামের খ্যাতিমান নায়কের একনিষ্ঠ ভালোবাসার?

